টেক্সট বক্স ইনসার্ট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৮

tutorial.hamimit.com/টেক্সট-বক্স-ইনসার্ট-করা

টেক্সট বক্স ইনসার্ট করা হলো এ অধ্যায়ের আলোচনার বিষয়বস্তু। **এম এস ওয়ার্ড ২০১৬** ভার্সনের ডকুমেন্টে টেক্সট বক্স যুক্ত (**Insert**) করার প্রয়োজন হয়ে থাকে।


টেক্সট বক্স হলো এক ধরণের অবজেক্ট যা ডকুমেন্টে যুক্ত করতে পারবেন এবং এর ভেতর টেক্সট টাইপ করতে পারবেন। এছাড়া টেক্সট বক্সটি ডকুমেন্টের যে কোন স্থানে মুভ করে বসাতে পারবেন।

এ টিউনে আমরা দেখবো কিভাবে ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে বিল্ট-ইন টেক্সট বক্স ইনসার্ট করা যায়। এছাড়া দেখবো কিভাবে টেক্সট বক্স আঁকা, সিলেক্ট করা ও সাইজ পরিবর্তন করা যায়।


বিল্ট-ইন টেক্সট বক্স ইনসার্ট করা? (Insert built-in Text Box)

এম এস ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে বিল্ট-ইন টেক্সট বক্স ইনসার্ট করার জন্য নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন।

Insert ট্যাবের **Text** প্যানেল কিংবা গ্রুপের **Text Box** এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।



এবারে নিচের প্রদর্শিত মেন্যু হতে যে বিল্ট-ইন টেক্সট বক্সটি ইনসার্ট করতে চান তার ওপর ক্লিক করুন।



লক্ষ্য করুন, ডকুমেন্টে সিলেক্টকৃত টেক্সট বক্সটি যুক্ত হয়েছে। এবারে আপনার প্রয়োজন মতো ফরমেট করুন।

টেক্সট বক্স আঁকা (Draw Text Box)

ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টে টেক্সট বক্স আঁকার জন্য নিম্নের পদক্ষেপ গ্রহণ করুন।

- **Insert** ট্যাবের **Text** প্যানেল কিংবা গ্রুপের **Text Box** এর ড্রপ-ডাউন এ্যারো ক্লিক করুন।
- অতপর প্রদর্শিত মেন্যু হতে **Draw Text Box** ক্লিক করুন।
- লক্ষ্য করুন, আপনার মাউস পয়েন্টার প্লাস **(+)** সিম্বলে পরিণত হয়েছে।

- এবারে মাউস দ্বারা ড্রাগ করে প্রয়োজন মতো ডকুমেন্টের ভেতর টেক্সট বক্স আঁকুন।

টেক্সট বক্স সিলেক্ট করা (Select Text Box)


ডকুমেন্টের যে টেক্সট বক্সটি সিলেক্ট করতে চান মাউস দ্বারা ঐ টেক্সট বক্সের বর্ডারের যে কোন স্থানে মাউস রাখলে যখন ৪টি এ্যারো সম্বলিত কার্সর প্রদর্শিত হবে তখন মাউসের বাম বোতাম ক্লিক করুন।

নোট: স্মরণীয় যে, টেক্সট বক্সটি সিলেক্ট অবস্থায় তার ভেতর অবস্থিত কার্সর প্রদর্শিত হবে না।

টেক্সট বক্সের সাইজ পরিবর্তন করা (Change Text Box Size)

টেক্সট বক্সের সাইজ পরিবর্তন করতে নিচের পদ্ধতি অবলম্বন করুন।

- ডকুমেন্টের যে টেক্সট বক্সের সাইজ পরিবর্তন করতে তা সিলেক্ট করুন।
- লক্ষ্য করুন, টেক্সট বক্সটিতে ৮টি পয়েন্ট যুক্ত হয়েছে।



এবারে প্রয়োজনীয় পয়েন্টসমূহে মাউস দ্বারা ড্রাগ করে টেক্সট বক্স রিসাইজ করুন।

ছবি যুক্ত ও ফরমেট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৭ দেখতে এখানে ক্লিক করুন।

টেক্সট বক্স ফরমেট করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ৩৯ দেখতে এখানে ক্লিক করুন।

> **টেক্সট বক্স ইনসার্ট** নিয়ে তৈরি টিউন আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে **কিভাবে টেক্সট বক্স ফরমেট করা যায়** সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।